অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সামরিক শিশু মাসের সম্মানে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলো আলোকিত করেন

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ল্যান্ডমার্কগুলো বেগুনি রঙে আলোকিত হওয়ার নির্দেশ প্রদান করেন

স্টেট নেতাগণ সামরিক শিশু মাসের সম্মানে বিশেষ কর্মসূচি প্রদান করতে স্টেট ব্যাপী শীর্ষস্থানীয় আকর্ষণগুলোর সাথে যোগদান করেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে ল্যান্ডমার্কগুলোকে 1 এপ্রিল রাতে বেগুনি রঙে আলোকিত করার নির্দেশ প্রদান করেন, যাতে এপ্রিল মাসকে সামরিক শিশু মাস হিসেবে স্বীকৃতি দেওয়া যায় এবং সামরিক পরিবারের শিশুদের সম্মান জানানো যায়। স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস (State Department of Veterans' Services) সারা মাস জুড়ে সামরিক শিশু ও তাদের পরিবারের জন্য ইভেন্টগুলো আয়োজন করার জন্য স্টেট জুড়ে বিভিন্ন সংগঠনের সাথে অংশীদারিত্ব করবে।

"আমাদের সশস্ত্র বাহিনীর নারী ও পুরুষ এবং তাদের পরিবারের প্রতি কৃতজ্ঞতার এক গভীর ঋণ রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "সামরিক শিশু মাস এই বীর শিশুদের উপর আলোকপাত করার একটি সুযোগ, যাদের সাহস ও অধ্যবসায় আমাদের সকলকে অনুপ্রাণিত করে। সারা এপ্রিল মাস জুড়ে নিউ ইয়র্কের সামরিক পরিবারগুলোর সাথে সংস্থান ও সুযোগ শেয়ার করতে পেরে আমরা সম্মানিত।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস এর কমিশনার ভিভিয়ানা ডিকোহেন বলেন, "আমাদের স্টেটজুড়ে সামরিক শিশুরা অস্বীকৃত হিরো। একজন অভিভাবক নিয়োজিত থাকাকালীন অনুপস্থিতির চাপ মোকাবেলার জন্য ক্রমাগত অভিযোজন প্রয়োজন এমন নিয়মিত পদক্ষেপ থেকে, সামরিক পরিবারের শিশুরা ত্যাগ স্বীকার করে, চ্যালেঞ্জগুলো কাটিয়ে ওঠে এবং অসাধারণ দৃঢ়তা প্রদর্শন করে। এই বিশেষ মাসে এই শিশুদের জন্য আনন্দের অনেক মুহূর্ত নিয়ে আসার জন্য নিউ ইয়র্ক স্টেটের আটটি সবচেয়ে উল্লেখযোগ্য এবং উপকারী – সাইটের সাথে অংশীদারিত্ব করা আমাদের সম্মানের।"

এপ্রিল মাস জুড়ে শনিবার ও রবিবারে নির্ধারিত বিশেষ কর্মসূচিগুলো সামরিক শিশু মাসের দেশব্যাপী উদযাপনের সাথে মিলে যায়। এই কর্মসূচিগুলোতে অংশ নেওয়া প্রতিটি সামরিক শিশু ইভেন্টের সমাপ্তিতে সামরিক শিশু সার্টিফিকেট ও ঘোষণার একটি বিশেষ মাস পাবে।

এসব কর্মসূচিগুলোর যেকোনো একটিতে অংশগ্রহণের জন্য অগ্রিম রেজিস্ট্রেশন প্রয়োজন। আগ্রহী ব্যক্তিরা "সামরিক শিশু রেজিস্ট্রেশন মাস" সাবজেক্ট লাইন সহ DVSInfo@veterans.ny.gov এ ইমেইল করে বিনামূল্যে রেজিস্ট্রেশন করতে পারবেন।

এপ্রিল মাস জুড়ে, সামরিক শিশু ও তাদের পিতামাতাগণ নিম্নলিখত বিনামূল্যে কর্মসূচিগুলোতে অংশ নিতে পারবে:

- শনিবার, 6 এপ্রিল, দুপুর 2:00টা থেকে শুরু: মিলিটারি ফ্যামিলি ফাউন্ডেশন (Military Family Foundation) এর মাধ্যমে সুন্দরভাবে সহ-স্পনসর করা আন্ডারগ্রাউন্ডে এক্সক্লুসিভ ট্যুর সহ হাস কেভ (Howes Cave)-তে হই ক্যাভেরান্স (Howe Caverns)পরিদর্শন করুন।
- রবিবার, 7 এপ্রিল সকাল 10:30 থেকে শুরু: নিউ ইয়র্ক মেটসের হোম কুইন্সের সিটি ফিল্ডে দর্শনার্থীর ক্লাবহাউস ব্যাটিং কেইজ অ্যাক্সেস সহ একটি বিশেষ সফরে গোপনে যান।
- শনিবার, 13 এপ্রিল, দুপুর 2:00টা থেকে শুরু: একটি বিশেষ অভিজ্ঞতার জন্য ওয়ান্ডারফুল উইজার্ড অব ওজ (Wonderful Wizard of Oz) এর লেখক এল. ফ্র্যাঙ্ক বাউমের হোমটাউন চিটেনাঙ্গো, নিউ ইয়র্কের অল থিংস ওজ যাদুঘরটি ভিজিট করুন।
- রবিবার, 14 এপ্রিল দুপুর 2:30 থেকে শুরু: নিউ ইয়র্ক সিটির ব্রডওয়ে মিউজিয়ামে ব্রডওয়ের ইতিহাসের মধ্যে দিয়ে যাত্রা শুরু করুন।
- শনিবার, 20 এপ্রিল, দুপুর 2:00টা থেকে শুরু: ক্যাটস্কিল, নিউ ইয়র্কের বেইলিউইক অ্যানিমাল পার্ক (Bailiwick Animal Park) এ বন্যপ্রাণীদের একটি অ্যাডভেঞ্চারের অভিজ্ঞতা নিন, যেখানে বিদেশী ও গৃহপালিত প্রাণীরা অপেক্ষা করছে।
- রবিবার, 21 এপ্রিল, সকাল 9:30 থেকে শুরু: হাডসন নদীর কাছে তাদের অসাধারণ ফ্লাওয়ার শো চাকালীন সময়ে ট্যারিটাউন, নিউ ইয়র্কে লিন্ডহার্স্ট ম্যানশনের একটি বিশেষ ট্যুর উপভোগ করুন।
- শনিবার, 27 এপ্রিল, দুপুর 12:00টা থেকে শুরু: নিউ ইয়র্কের রচেস্টারে অবস্থিত রচেস্টার মিউজিয়াম অ্যান্ড সায়েন্স সেন্টার প্ল্যানেটারিয়াম (Rochester Museum & Science Center's Planetarium) এ টেইলর সুইফটের সুরে সেট করা একটি বিশেষ লেজার শোতে অংশ নিন।
- রবিবার, 28 এপ্রিল সকাল 9:00 থেকে শুরু: নায়াগ্রার অ্যাকোয়ারিয়াম, মেইড অব দ্য মিস্ট (Maid of the Mist) বোট রাইড ও কেভ অব দ্য উইন্ডস (Cave of the Winds) পরিদর্শন করে নায়াগ্রা জলপ্রপাতের বিস্ময়গুলো আবিষ্কার করুন।

এছাড়াও, সারা এপ্রিল মাস জুড়ে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস (New York State Department of Veterans' Services) কার্নেগি হলের লুলাবি প্রজেক্টের সাথে তার অংশীদারিত্ব উদযাপন করবে। সামরিক পরিবারগুলো তাদের সন্তানদের জন্য আসল লুলাবি তৈরি করতে কার্নেগি হলের পেশাদার শিল্পীদের সাথে সহযোগিতা করেছেন এই লুলাবিগুলোর রেকর্ডিংগুলো NYS DVS-এর সোশ্যাল মিডিয়া প্রোফাইলে জনসাধারণের উপভোগের জন্য শেয়ার করা হচ্ছে।

ইন্টারন্যাশনাল এল ফ্রাঙ্ক বাউম অ্যান্ড অল থিংস ওজ হিস্টোরিকাল ফাউন্ডেশন (President of the International L. Frank Baum & All Things Oz Historical Foundation) এর প্রেসিডেন্ট ডেনিস কুলিস বলেন, "অল থিংস ওজ মিউজিয়াম (The All Things Oz Museum) এপ্রিল মাসে আমাদের মিউজিয়ামে সামরিক পরিবারের শিশুদের স্বাগত জানাতে পেরে আনন্দিত। যে পরিবারগুলো আমাদের সার্ভিস মেম্বারদের সহায়তা করে তারা সামরিক জীবন, আমাদের কমিউনিটি ও পুরুষ ও মহিলাদের কাছে যারা জাতির ইউনিফর্ম পরিধান করে এবং প্রতিদিন আমাদের দেশের সেবা করে, আপনাদেরকে ধন্যবাদ। আমাদের সেনা সদস্যদের সন্তানদের, তাদের পরিবার ও সামরিক বাহিনীতে সংযুক্ত কমিউনিটিকে কিছু দিতে পেরে আমরা আনন্দিত ও সম্মানিত।"

ব্রডওয়ে মিউজিয়ামের সহ-প্রতিষ্ঠাতা জুলি বোর্ডম্যান বলেন, "মিলিটারি শিশু মাসের সম্মানে আমাদের সামরিক পরিবারের সাথে ব্রডওয়ে জাদুঘরের যাদু শেয়ার করে নিতে পেরে আমরা আনন্দিত। যারা আমাদের আগে এসেছিল এবং পথ প্রশস্ত করেছিল তাদের কাঁধে দাঁড়িয়ে আমরা সব বয়সের অতিথিদের অতীত থেকে শিক্ষা নিতে অনুপ্রাণিত করার জন্য জাদুঘরটি তৈরি করেছি।"

লিন্ডহার্স্টের নির্বাহী পরিচালক হাওয়ার্ড জার বলেন, "লিন্ডহার্স্টের আমাদের চতুর্থ মালিক প্রখ্যাত সমাজসেবী হেলেন গোল্ড থেকে শুরু করে সামরিক পরিবারগুলোকে সহায়তা করার দীর্ঘ ইতিহাস রয়েছে। হেলেন সামরিক হাসপাতাল তৈরি ও সরবরাহের জন্য অর্থায়ন করেছিলেন এবং মহিলাদের জাতীয় যুদ্ধ ত্রাণ সমিতিতে (Women's National War Relief Association) সক্রিয় ছিলেন। আর্টসওয়েস্টচেস্টার (ArtsWestchester)-কে ধন্যবাদ জানিয়ে সাইটে এই কর্মসূচিটিকে স্বাগত জানিয়ে হেলেনের সহায়তার উত্তরাধিকার অব্যাহত রাখতে পেরে আমরা সম্মানিত বোধা করছি।"

রচেস্টার মিউজিয়াম অ্যান্ড সায়েন্স সেন্টার (Rochester Museum & Science Center) এর শিক্ষা বিষয়ক পরিচালক ইরন ড্যামারসি বলেন, "সামরিক শিশুর মাসের সম্মানে RMSC এই উদযাপনের আয়োজন করতে পেরে আনন্দিত। আমরা আশা করি যে অভিজ্ঞতাটি উপস্থিত সকলের মধ্যে কৌতূহল, বিস্ময় ও আনন্দকে অনুপ্রাণিত করবে। এটি আমাদের আশা যে, জীবনের দুঃসাহসিক কাজগুলো তাদের যেখানেই নিয়ে যায় না কেন, RMSC এর দর্শনার্থীরা তাদের সাথে আমাদের সকলের শেয়ার করা আশ্চর্যজনক জগৎ ও মহাবিশ্বের জন্য আরও বেশি উপলদ্ধিতে নিয়ে যাবে!"

ল্যাডারস টু দ্য আউটডোরস (Ladders to the Outdoors) এর স্টেট ব্যাপী কোঅর্ডিনেটর কেজুয়ান হারমন বলেন, "ল্যাডারস টু দ্য আউটডোরস আমাদের দেশের বীর সন্তানদের জন্য একটি আনন্দের দিন প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেসের সাথে আংশীদারিত্ব করতে পেরে গর্বিত। যেহেতু আমাদের লক্ষ্য হয় শিশুদের বাইরে যেতে সহায়তা করা, আমরা আশা করি যে এই দিনটি এটি আর্জন করবে এবং অনেক স্মৃতি অর্জনের সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক মেটস মিলিটারি, ভেটেরান্স অ্যান্ড পিয়ার্স (Military, Veterans & Peers, MVP) কর্মচারী রিসোর্স গ্রুপ বলেন, "নিউ ইয়র্ক মেটস (New York Mets) এর পক্ষ থেকে, আমরা বলপার্কে গোপনে একটি অনন্য অভিজ্ঞতা ও স্মরণীয় দিন প্রদান করে আমাদের প্রতিদিনের নায়কদের পরিবার ও শিশুদের সম্মান জানাতে পেরে আনন্দিত!"

যে বিশিষ্ট স্থানগুলো সামরিক শিশুদের মাসের সম্মানে আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- Empire State Plaza
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

ভেটেরান সেবা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট যুদ্ধ-প্রবীণদের সার্ভিসেস বিভাগ, যেটি 1945 সাল থেকে ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অভ ভেটেরান্স অ্যাফেয়ার্স থেকে সুযোগ সুবিধাগুলোর দাবি এবং আপিল, ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ ডিফেন্সে ডিসচার্জ আপগ্রেড আপিল এবং নিউ ইয়র্ক স্টেটের সুযোগ সুবিধাগুলোর দাবির পাশাপাশি ভেটেরান্স, পরিষেবার সদস্য এবং সামরিক পরিবারের জন্য রাজ্যের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করে আসছে, অনুশীলনের এলাকায় বিস্তৃত পরিসরে সকল যুদ্ধ-প্রবীণ, পরিষেবার সদস্য এবং সামরিক পরিবারগুলোর

সেবা করার একটি এজেন্সি ব্যাপী অঙ্গীকার বজায় রাখে। ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারসমূহকে 888-838-7697 নম্বরে বা এর ওয়েবসাইট থেকে বিভাগের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে তারা তাদের চাহিদা পূরণ এবং তাদের উপার্জিত বেনিফিটের সম্পূর্ণ সুবিধা পাওয়ার ব্যাপারে একজন স্বীকৃত ভেটেরান বেনিফিট উপদেষ্টার সাথে সশরীরে বা ভার্চুয়ালি দেখা করতে পারে। DVS-কে ফলো করুন ফেসবুক, ইন্সটাগ্রাম এবং টুইটার-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন